সমতীতং তথা শতং। কারয়ন্ ভগবদ্ধাম নয়ত্যচ্যুতলোকতাং॥ যে ভবিষ্যন্তি যেঽতীতাঃ আকল্পাৎ পুরুষাঃ কুলে। তাংস্তারয়তি সংস্থাপ্য দেবস্য প্রতিমাং হরেঃ॥" যে জন শ্রীভগবানের মন্দির প্রস্তুত করাইয়া দেয়, সে জন আগামী এবং অতীত শত শত কুলকে শ্রীহরিলোক প্রাপ্তি করায়। কল্প অর্থাৎ ব্রহ্মার একদিবস পর্য্যন্ত কাল কুলে যে সকল পুরুষ জন্মিবে এবং যাহারা গত হইয়াছে, শ্রীহরির প্রতিমা সংস্থাপন করিয়া তাহাদিগকে উদ্ধার করিয়া থাকে। এই প্রসঙ্গে দূতগণের প্রতি ধর্ম্মরাজ যমেরও আজ্ঞা দেখা যায়—"যেনার্চ্চা ভগবদ্ভক্ত্যা বাসুদেবস্য কারিতা। নবাযুতং তৎকুলজং ভবতাং শাসনাতিগম্॥" যে জন শ্রীভগবানে গাঢ় ভক্তির আবেশে বাসুদেব শ্রীকৃষ্ণের প্রতিমা স্থাপন করে, তাহার বংশজাত নব অযুত পুরুষ তোমাদের শাসনের অতীত অর্থাৎ তাহাদের প্রতি তোমাদের কোনই অধিকার নাই। যেমন ভগবান্ শ্রীনৃসিংহদেব ৭।১০ অধ্যায়ে প্রহ্লাদকে বলিয়াছিলেন—হে নিষ্পাপিন্ সাধো! তোমার পিতা একবিংশতি পিতৃপুরুষের সহিত পবিত্র হইয়াছে, যেহেতুক কুলপাবন তুমি এই হিরণ্যকশিপুর গৃহে জন্মগ্রহণ করিয়াছ। এস্থানে একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে—প্রহ্লাদের বর্ত্তমান জন্মের পূর্ব্বে একবিংশতি পুরুষের সম্ভাবনা নাই; যেহেতু প্রহ্লাদের পিতা হিরণ্যকশিপু, পিতামহ কশ্যপ, প্রপিতামহ মরীচি, বৃদ্ধ প্রপিতামহ ব্রহ্মা; অতএব শ্রীনৃসিংহদেবের বাক্যের ব্যভিচার ঘটিবার সম্ভাবনা হয়, তাহা হইলেই বুঝিতে হইবে যে—শ্রীনৃসিংহদেবের লীলার নিত্য পরিকর শ্রীপ্রহ্লাদের সহিত মিলিত কোনও সাধনসিদ্ধ প্রহ্লাদের সাযুজ্য আছে। সেই সাধনসিদ্ধ প্রহ্লাদেরই পূর্ব্বকল্পগত পূর্ব্ব-পূর্ব্ব-জন্মসম্বন্ধান্বিত পিতৃগণেরই পবিত্রতার কথা শ্রীনৃসিংহদেব বলিয়াছেন। ১৫১॥

তথা ভক্ত্যাভাসস্যাপি সর্ব্বপাপক্ষয়পূর্ব্বক শ্রীবিষ্ণুপদপ্রাপকত্বং যথা বৃহন্নারদীয়ে—কোকিলমানিনোর্মদিরোন্মত্তয়ো ধূর্ত্তচীরখণ্ডয়ো জীর্ণভগবন্মন্দিরে নৃত্যতোঃ ধ্বজা-রোপণফলপ্রাপ্ত্যা তাদৃশত্বং জাতম্। তথা ব্যাধহতস্য পক্ষিণঃ কুক্কুরমুখগতস্য তৎপলা-য়নবৃত্ত্যা ভগবন্মন্দিরপরিক্রমণফলপ্রাপ্ত্যা তাদৃশত্বপ্রাপ্তিরিতি। ক্বচিত্তত্র মহাভক্তি-প্রাপ্তিশ্চ। যথা বৃহন্নারসিংহপুরাণে শ্রীপ্রহ্লাদস্য তস্য প্রাগ্‌জন্মনি বেশ্যয়া সহ বিবাদেন শ্রীনৃসিংহচতুর্দশ্যাং দৈবাদুপবাসঃ সম্পন্নো জাগরণঞ্চেতি। তথাচাহ—যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি নামানি যেঽসুবিগমে বিবশা গৃণন্তি। তেঽনেকজন্মশমলং সহসৈব হিত্বা সংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে॥ ১৫২॥

অসুবিগমেঽপীতি তদানীন্তনমাত্রত্ব মশুদ্ধবর্ণত্বঞ্চ ব্যঞ্জিতম্। বিবশা ইতি তদিচ্ছাং বিনা কেনচিৎ কারণান্তরেণাপীত্যর্থঃ। বশকান্তাবিত্যমরঃ। তাদৃশশক্তিত্বে হেতুমাহ অবতারেতি। অবতারাদি সদৃশানি তত্তত্তুল্যশক্তীনীত্যর্থঃ। তত্রাবতারবিড়ম্বনানি